গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রামু, কক্সবাজার।
ramu.coxsbazar.gov.bd

# রামু উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব প্রণয় চাকমা, উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন |
| সভার তারিখ ও সময় | : | ১৮/০২/২০২১ খ্রিঃ, সকাল ১১.০০ টা |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অত:পর সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। | ইউনিয়ন পর্যায়ে আইন-শৃঙ্খলা কমিটির সভা সংক্রান্ত ঃ<br>সভাপতি জানান যে, মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা ধার্য্য তারিখে আহবান পূর্বক সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের নিকট যথা সময়ে সভার কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলেও তা মানা হচ্ছে না। ফলে জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এ ফলোআপ প্রেরণে বিঘ্ন হচ্ছে। আবশ্যিকভাবে সভার কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার অনুরোধ জানান হয়। | ১। ইউনিয়ন পর্যায়ে আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা প্রতি মাসে নিয়মিত আয়োজন পূর্বক সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), রামু। |
| ২। | মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত ঃ<br>সভায় সভাপতি জানান যে, নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। তিনি সহকারী কমিশনার (ভূমি), রামুকে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার অনুরোধ জানান। জানুয়ারী/২০২১ মাসে ০৩টি অভিযান পরিচালনার মাধ্যমে ০৫ টি মামলা রজু করা হয়েছে। সর্বমোট ৭০০০/- (সাত হাজার) টাকা জরিমানা আদায় করা হয়েছে। | ১। প্রমাপ অনুযায়ী মোবাইল কোর্টের অভিযান পরিচালনা অব্যাহত রাখা<br>২। সহকারী কমিশনার (ভূমি)নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার, রামু।<br>২। সহকারী কমিশনার (ভূমি), রামু। |
| ৩। | সভাপতি, ইউনিয়ন ভিত্তিক আইন শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে ইউপি চেয়ারম্যানগণ হতে জানতে চাওয়া হলে,<br><br>চেয়ারম্যান, ফতেখাঁরকুল ইউপি জানান যে, বর্তমান শুকনো মৌসুমে চাষাবাদ চলমান রয়েছে। কিন্তু বিদ্যুতের লোড সেটিং এর কারনে পানির সমস্যা সৃষ্টি হচ্ছে। পানির সমস্যা সৃষ্টি হলে ফসলের ক্ষতি হবে। তাই পানির ব্যবস্থা স্বাভাবিক রাখার জন্য বিদ্যুতের লোড সেটিং না করার জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করেন। তিনি আরও জানান যে, সোলার লাইট গুলো পুরাতন হওয়ার কারণে অনেক জায়গায় তা নষ্ট হয়ে গেছে। এ গুলো মেরামতের পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান যে, রামুর যানজট নিরসনে জন্য রামু লাইন ও কক্স লাইন মালিকদেরকে তাদের লাইন পরিচালনা করার জন্য আলাদা মাঠের ব্যবস্থা করার পরামর্শ প্রদান করেন। তিনি আরও জানান যে, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে আমাদের স্কুল কলেজের পড়ুয়া ছাত্ররা কিছু খারাপ ছেলেদের সাথে মিশে মাদকাসক্ত হয়ে পড়ছে এবং খারাপ কাজে লিপ্ত হচ্ছে। তিনি শিক্ষা প্রতিষ্ঠান খোলার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, রাজারকুল ইউপি জানান যে, রামু-মরিচ্যা সড়কের চার লেনের কাজ রাতের বেলায় করার করণে যথেষ্ট অনিয়ম পরিলক্ষিত হচ্ছে। কিছু দিন আগে রাতের বেলায় একটি ব্রীজের ঢালাই কার্যক্রম পরিচালানা করার সময় অনিয়ম দেখায় জনসাধারণ হৈ চৈ শুরু করে কাজ বন্ধ করে দেয়। রাতের বেলায় কাজ করার সুযোগে তারা অনিয়ম করার সুযোগ পাচ্ছে। তাই তিনি রাতের বেলায় রাস্তার কাজ না করার জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ | ১। রামু উপজেলায় অনলাইনের মাধ্যমে জন্ম নিবন্ধন। | ১। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |

| | | | |
|---|---|---|---|
| | করেন। তিনি আরও জানান যে, রাজারকুল-কাউয়ারখোপ রোড দিয়ে প্রতিনিয়ত চোলাই মদ আসছে। এ বিষয়ে তিনি আইন শৃঙ্খলা বাহিনীকে টহল জোরদার করার জন্য অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, জোয়ারিয়ানালা ইউপি জানান যে, সামনে ইউনিয়ন পরিষদ নির্বাচন। এই নির্বাচনকে সামনে রেখে আমাদের সকলের তৎপরতা বাড়ানো দরকার। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান যে, পার্শ্ববর্তী রশিদ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শাহ্ আলম বর্তমানে জেল হাজতে রয়েছে। তিনি উক্ত মামলার সুষ্ঠ তদন্তপূর্বক দোষী ব্যক্তিদের শাস্তি কামনা করেন।<br>ইনচার্জ, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, করোনার ২য় ওয়েভ মোকাবিলা করার জন্য ১৬০টি মসজিদে জুমার নামাজের সময় মুসল্লিদের সর্তক করার জন্য ইমামদের নির্দেশ প্রদান করা হয়েছে এবং করোনার বিষয়ে গত ২/৩ দিন আগেও একটি মিটিং করা হয়েছে।<br>প্রতিনিধি মৎস্য অধিদপ্তর জানান যে, কোষ্ট গার্ডের সাথে সমম্বয় করে মৎস্য অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হচ্ছে।<br>প্রতিনিধি পল্লী বিদ্যুৎ, কক্সবাজার জানান যে, সরকারের প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষে উপজেলা পর্যায়ে শতভাগ বিদ্যুৎ সংযোগ কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যায়ে সভাপতি বলেন যে, বিভিন্ন পাহাড়ী অঞ্চলে যে সব বনের জায়গা/খাস জায়গায় লোকজন বসবাস করে এসব জায়গায় বিদ্যুৎ সংযোগ প্রদানের সময় অবশ্যই তাদের জায়গার কাগজপত্র গুলো যাচাই বাছাই করে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান যে, জোয়ারিয়ানালা ইউনিয়নের মধ্যে ১০/২০টি বিদ্যুতের খুটি স্থাপন করে দূর্গম পাহাড়ী এলাকায় ০১টি বাড়ীতে বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে। কিন্তু ঐ বাড়ীতে কেউ থাকেনা। ভবিষ্যতে এ বিষয়ে আরো সজাগ হওয়ার জন্য জি এম, পল্লী বিদ্যুৎকে অনুরোধ করেন।<br>প্রতিনিধি আসনার ভিডিপি জানান যে, ভোটার আইডি কার্ড বিতরণে আনসার ভিডিপি দায়িত্ব পালন করছে এবং সকল আনসার সদস্য যাথে সময়মত টাকা পায় সে বিষয়ে তিনি উপজেলা পঃ পঃ কর্মকর্তাও সহযোগিতা কামনা করেন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।<br>প্রতিনিধি, ৩০ বিজিবি, রামু জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। মাদক ও চোরাচালানের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে। তিনি আরও জানান যে, অপ্রীতিকর ঘটনা রোধে রামু উপজেলার বিভিন্ন মন্দির সমূহে টহল অব্যাহত রয়েছে। | | |
| | প্রতিনিধি, ৩৪ বিজিবি, রামু জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। জানুয়ারী/২১ মাসে মরিচ্যা চেক পোষ্টে ৩০৮৯৪ পিচ ইয়াবা জব্দ করা হয়েছে। ১৩টি মামলা রুজু করার মাধ্যমে ১২ জনকে আসামী করা হয়েছে। তাছাড়া রেজুখাল চেকপোষ্টে জানুয়ারী/২১ মাসে ৫৪৩৪৫ পিচ ইয়াবা জব্দ করার মাধ্যমে ১১ জনকে আটক করা হয়েছে এবং ১০টি মামলা রুজু করা হয়েছে। তিনি আরও জানান যে, মরিচ্যা চেক পোষ্টে রামু উপজেলা পরিষদের পক্ষ হতে নির্মিতব্য ওয়াস রুমের ৯০% কাজ সম্পন্ন করা হয়েছে। বাকী কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।<br>অধ্যক্ষ, মেরংলোয়া রহমানিয়া মাদ্রাসা জানান যে, সঠিক সময়ে মিটিং/সভা শুরু করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>প্রতিনিধি, রামু খিজারী সরকারী উচ্চ বিদ্যালয় জানান যে, হাই স্কুলের মাঠ সন্ধ্যা হওয়ার সাথে সাথে মাদকের আড্ডাখানায় পরিনত হয়। বিশেষ করে রাতের বেলা উত্তর পূর্ব পার্শ্বে স্কুল/কলেজে পড়ুয়া ছাত্র থেকে শুরু করে এলাকার যুবকরা জড়ো হয়ে মাদক সেবনে লিপ্ত থাকে। এ বিষয়ে অফিসার ইনচার্জ, রামু থানার দৃষ্টি আকর্ষণ করছি যেন দ্রুত সময়ের মধ্যে অভিযান পরিচালনা করে উক্ত খেলার মাঠকে মাদক মুক্ত করে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার অনুরোধ করছি।<br>জনাব নুরুল ইসলাম সেলিম, সাংবাদিক প্রেস ক্লাব রামু, জানান যে, রামু চৌমুহনী কি কাউকে লীজ দেয়া হয়েছে ? কারণ বিগত কিছু দিন ধরে রামু লাইন/কক্স লাইন চৌমুহনীতে মাইক লাগিয়ে যাত্রী উঠা নামা করছে। ফলে চৌমুহনীতে যানজট নিরসন হওয়াতো দুরের কথা উল্টো যানজট বৃদ্ধি | মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা করা। | সংশ্লিষ্ট আইন শৃঙ্খলা কমিটি |

পেয়েছে। এ বিষয়ে তিনি দ্রুত মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে পদক্ষেপ গ্রহণ করার জন্য সভাপতিকে অনুরোধ করেন। তিনি আরও জানান যে, অতীতে রামুতে কোন গাড়ী কোথায় পার্কিং হবে সে বিষয়ে একটা সীমারেখা ছিল কিন্তু এখন রামু লাইন/কক্স লাইন কোন নিয়ম শৃঙ্খলা না মেনে যেখানে সেখানে গাড়ী পার্কিং করে যার ফলে যানজট সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে তিনি পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান যে, রামু চৌমুহনীর গাড়ী গুলো উত্তরে মেরংলোয়া, দক্ষিণে রমিজ কমপ্লেক্স এবং পশ্চিমে রামু বাইপাস সড়কে নিয়ে যাওয়ার পরার্মশ প্রদান করেন এবং রামু চৌমুহনীর ফলের দোকান গুলো বিষয়ে উচ্ছেদ অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ করেন।

জনাব সামসুল আলম মন্ডল, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, রামু উপজেলা শাখা জানান যে, রামু চৌমহনীর যানজটের বিষয়ে সাংবাদিক নুরুল ইসলাম সেলিমের সাথে তিনিও একমত পোষন করেন। এছাড়াও রামু লাইন/কক্স লাইন হাই স্কুলের মাঠের মধ্যে রেখে ধুয়া মুছা করে ফলে মাঠের মধ্যে ময়লায় স্তুপ হয়ে যায়। এ বিষয়ে তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও জানান যে, ঈদগড় অতি ঝুঁকি পূর্ণ এলাকা। এ এলাকায় একটি পুলিশ ফাঁড়ি থাকলেও কোন ধরণের যানবাহন নেই। ফলে কোন জায়গায় অপ্রিতিকর ঘটনা সংঘটিত হলে উক্ত পুলিশ ফাঁড়ি থেকে ঘটনাস্থলে পৌছতে তাদের দেরী হয়। তাই আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য উক্ত পুলিশ ফাঁড়িতে একটি গাড়ীর ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করেন। তিনি আরও জানান যে, স্মার্ট কার্ড বিতরণের সময় টাকা নেয়ার জন্য সরকারের কোন নির্দেশনা আছে কিনা। না থাকলে স্মার্ট কার্ড বিতরণে কোন টাকা নেওয়া হচ্ছে এ বিষয়ে তিনি ব্যবসস্থা গ্রহণের জন্য সভাপতিকে অনুরোধ করেন। এ পর্যায়ে সভাপতি জানান যে, যাদের আগের ভোটার আইডি হারিয়ে গেছে শুধুমাত্র তাদেরকে সরকারের নির্ধারিত ফি ব্যাংকে জমা প্রদান করে ঐ টাকার স্লিপ দিয়ে স্মার্ট কার্ড গ্রহণের নিময় রয়েছে। এ ক্ষেত্রে লোকজনের কষ্টে কথা বিবেচনা করে ব্যাংকের একজন কর্মকর্তা স্মার্ট কার্ড বিতরণের সময় উপস্থিত থেকে উক্ত ফি গ্রহণ করছে অন্য কোন বিষয়ে টাকা নেয়ার সুযোগ নাই এবং নেয়া হচ্ছেও না। জনাব সামসুল আলম মন্ডল, সাধারণ সম্পাদক আরও জানান যে, মানুষ অবসর সময়ে বই পড়ার জন্য এবং বিভিন্ন বিষয়ে জ্ঞান আহরণের জন্য প্রতি উপজেলায় একটি লাইব্রেরী থাকে। কিন্তু রামু উপজেলা কম্পাউন্ডে যে লাইব্রেরী রয়েছে তা দীর্ঘ দিন ধরে তালা দেয়া। ফলে বিভিন্ন শিক্ষার্থী সঠিক জ্ঞান শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। তিনি উক্ত লাইব্রেরী পুনরায় চালু করার জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান যে, রামুতে ১৮ বছরের নিচে শিশুরা টমটম চালায়, রিক্সা চালায়, ফলের দোকান ও চায়ের দেকানে চাকরি করে। ফলে শিশু নির্যাতন দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গাড়ী মালিক সমিতি ও বণিক সমিতিকে পত্র দেয়া অনুরোধ করেন।

উপজেলা স্বাস্থ্য পঃপঃ কর্মকর্তা, রামু জানান যে, বর্তমানে করোনা ভাইরাসের টীকা প্রদান কার্যক্রম শুরু হয়েছে। সকলেই রেজিস্ট্রেশন করে টীকা নিচ্ছে। এ টীকা নেয়ার ০২ মাস পর টীকার পরবর্তী ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু করা হবে। তিনি আরও জানান যে, যেহেতু যে কোন ভ্যাকসিনের মেয়াদ কাল ০২ বছর সেহেতু করোনা ভ্যাকসিনের মেয়াদও থাকবে ০২ বছর। যাদের বয়স ৪০ এর উর্দ্ধে তাদের সকলকে রেজিস্ট্রেশ করে টীকা নেযার জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান যে, প্রতিটি চেয়ারম্যান এবং তার সাথে সংশ্লিষ্ট কর্মচারীদের ভ্যাকসিন নেয়ার অনুরোধ করেন।

অফিসার ইনচার্জ, রামু থানা জানান যে, রামু উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। গত কিছু দিন আগে গরু চুরির ঘটনা সংঘটিত হয়েছে। এই ঘটনা থেকে উত্তোরণের জন্য রশিদ নগর স্পটে রাত ১১ টা হতে ভোর ৫ টা পর্যন্ত চেক পোষ্ট বসানো হয়েছে। তিনি আরও জানান যে, মাদকাসক্ত শিশু ও ছাত্রদের তালিকা তৈরী করা হয়েছে। যারা তালিকাভুক্ত তাদের পরিবারকে এ বিষয়ে অবহিত করা হচ্ছে এবং রামু উপজেলায় মাদক ব্যবসায়ীদের একটি নতুন তালিকা তৈরী করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। এ

| | | | |
|---|---|---|---|
| | তালিকায় নিয়ে যাচাই বাছাই কার্যক্রম শুরু হয়েছে। তিনি আরও জানান যে, ফতেখাঁরকুল ইউনিয়ন পুরোটা মাদকে ভরপুর। যে সব লোক মাদকের সাথে সম্পৃক্ত তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের কার্যক্রম শুরু করা হয়েছে। তিনি আরও জানান যে, রামু চৌমুহনীর যানজট নিরসনের ক্ষেত্রে রামু লাইন ও কক্স লাইন তাদের গাড়ি গুলো স্টেশনের বাহিরে রেখে সময়মত একটা একটা করে এনে লাইন পরিচালনা করার পরামর্শ প্রদান করেন এবং রশিদ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আটকের ঘটনাটি সুষ্টু তদন্তের মাধ্যমে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামু জানান যে, সকলের সম্মিলিত প্রচেষ্টায় রামু উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক। তিনি আরও জানান যে, রামুতে গরু চুরির বিষয়টি এক প্রকার ডাকাতির স্টাইলে। বিভিন্ন অস্ত্র নিয়ে তারা গরু চুরি করতে আসে। কিছুদিন আগেও এই স্টাইলে গরু চুরি হয়েছে। এ বিষয়ে অফিসার ইনচার্জ, রামু থানাকে সজাগ দৃষ্টি রাখার অনুরোধ জানান। তিনি আরও জানান যে, রামু উপজেলায় বিভিন্ন জায়গায় ইয়াবা বিক্রি/সেবন বেড়ে গেছে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রামুকে অনুরোধ জানান। | | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮-০২-২০

প্রণয় চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রামু, কক্সবাজার

স্মারক নং : ০৫.২০.২২১৬.২২২৬.২১.০১.২০- ১৫১

তারিখ : ২৮/০২/২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৬ কক্সবাজার-০৩।
২। সচিব,জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, কক্সবাজার।
৫। পুলিশ সুপার, কক্সবাজার।
৬-৭। অধিনায়ক, ৩০ বিজিবি/৩৪ বিজিবি, রামু, কক্সবাজার।
৮। অধিনায়ক, র‍্যাব-১৫, কক্সবাজার।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার।
১০-১১। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, রামু।
১২। উপজেলা ......................................কর্মকর্তা, রামু/অফিসার ইনচার্জ, রামু থানা/হাইওয়ে পুলিশ ফাঁড়ি, রামু।
১৩। চেয়ারম্যান ....................................ইউনিয়ন পরিষদ (সকল), রামু।
১৪। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক ..................................................................।
১৫। জনাব ........................................................................................।
১৬। সংশ্লিষ্ট নথি।

২৮-০২-২০
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রামু, কক্সবাজার।

পরিশিষ্ট "ক" ( স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব আফসানা জেসমিন পপি, ভাইস চেয়ারম্যন উপজেলা পরিষদ রামু
২। জনাব সালাউদ্দিন, ভাইস চেয়ারম্যন উপজেলা পরিষদ রামু
৩। জনাব কে এম আজমিরুজ্জামান, অফিসার ইনচার্জ,রামু।
৪। ডাঃ নোবেল কুমার বড়ুয়া, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রামু
৫। জনাব মোহাম্মদ রফিক, অধ্যক্ষ, মেরংলোয়া রহমানিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, রামু
৬। জনাব উম্মে সুরাইয়া আমিন, উমবিক, রামু।
৭। জনাব ফরিদুল আলম, ইউ এ ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) রামু।
৮। জনাব রজব আলী, ৩০ (বিজিবি), রামু
৯। জনাব নাঃ সুবেঃ নজরুল ইসলাম ৩৪ (বিজিবি), রামু
১০। জনাব মোঃ আবদুল মান্নান, জুনিয়র ইঞ্জিনিয়ার, পল্লী বিদ্যুৎ
১১। জনাব মেহেদী হাসান পল্লব, ( ক্ষেত্র সহকারী), উপজেলা মৎস কর্মকর্তার কার্যালয়, রামু
১২। জনাব মোঃ আবদুল হক, এফএস ইসলামিক ফাউন্ডেশ, রামু
১৩। জনাব আমীর হোছাইন হেলালী, প্রতিষ্ঠাতা সম্পাদক, রামু প্রেস ক্লাব, রামু
১৪। জনাব মোঃ আমজাদ হোসেন, রেঞ্জ কর্মকর্তা, ধোয়াপালং, রামু
১৫। জনাব সামশুল আলম মন্ডল, সাঃ সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ, রামু
১৬। জনাব নুরুল ইসলাম সেলিম, সাংবাদিক, রামু প্রেস ক্লাব, রামু
১৭। জনাব নুরুল আবছার, পক্ষে চেয়ারম্যান কচ্ছপিয়া, রামু
১৮। জনাব ফরিদুল আলম, চেয়ারম্যান, ফতেখাঁরকুল ইউপি, রামু
১৯। জনাব আবদুল মাবুদ, চেয়ারম্যান, খুনিয়াপালং ইউপি, রামু
২০। জনাব নুরুল ইসলাম, চেয়ারম্যান, চাকমারকুল ইউপি, রামু
২১। ডাঃ শাহজাদা মোহাম্মদ জুলকারনাইন, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা, রামু
২২। জনাব গৌর চন্দ্র দে, ইউইও, রামু
২৩। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, রেঞ্জ কর্মকর্তা, ঈদগড়, রামু
২৪। জনাব কামাল শামশুদ্দীন আহমদ প্রিন্স, চেয়ারম্যান, জোয়ারিয়ানালা ইউপি, রামু
২৫। জনাব নুর উদ্দিন, ডিজিএফআই, রামু
২৬। জনাব মোঃ বেলাল হোসেন, ইউডিএসিএ, রামু।